# জাতীয় মানবাধিকার কমিশন

জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান

এবং

কমিশনের সচিবের মধ্যে স্বাক্ষরিত

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ -- জুন ৩০, ২০১৯১

## সূচিপত্র

জাতীয় মানবাধিকার কমিশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র……………………………………………৩

প্রস্তাবনা……………………………………………………………………………………৪

সেকশন ১: কমিশনের রূপকল্প (Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি……..৫

সেকশন ২: কমিশনের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)…………………৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ……………৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)……………………………………………………………১২

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি……………১৩

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য অংশীজনের ওপর নির্ভরশীলতা ……………১৪

# প্রস্তাবনা (preamble)

জাতীয় মানবাধিকার কমিশনের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে মানবাধিকার সংরক্ষণ, উন্নয়ন এবং তা যথাযথভাবে নিশ্চিত করার লক্ষ্যে-

জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান

এবং

কমিশনের সচিবের মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## জাতীয় মানবাধিকার কমিশনের সার্বিক চিত্র
(Overview of the performance of the NHRC)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:**

**সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

মানবাধিকার সংরক্ষণ, উন্নয়ন এবং তা যথাযথভাবে নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় মানবাধিকার কমিশন আইন ২০০৯ দ্বারা জাতীয় মানবাধিকার কমিশন প্রতিষ্ঠিত হয়। ২০১০ সালের ২৩ জুন তারিখে পুনর্গঠিত জাতীয় মানবাধিকার কমিশন যাত্রা শুরু করে। রাষ্ট্র ও সমাজে মানবাধিকার সংস্কৃতি গড়ে তোলা কমিশনের মূল দায়িত্ব। মানবাধিকার সুরক্ষায় কমিশন নাগরিক এবং রাষ্ট্রের মধ্যে সেতুবন্ধ হিসাবে কাজ করে।

গত তিন বছরে কমিশন ১১৬৬টি অভিযোগ নিষ্পত্তি করেছে। মানবাধিকার বিষয়ক জনসচেতনতা বৃদ্ধিতে কমিশন অব্যাহতভাবে কাজ করে যাচ্ছে। নারী, শিশু, প্রতিবন্ধী ব্যক্তি, ধর্মীয় সংখ্যালঘু ও প্রান্তিক জনগোষ্ঠী তথা আপামর জনসাধারণের মানবাধিকার সুরক্ষা ও উন্নয়নের জন্য বিষয় ভিত্তিক বারোটি কমিটি গঠন করা হয়েছে। কমিশন ইতোমধ্যে খুলনা ও রাঙ্গামাটি জেলা সদরে ২টি শাখা অফিস স্থাপন করেছে। জনগণের সহজগম্যতা নিশ্চিত করার লক্ষ্যে ঢাকা শহরের কেন্দ্রস্থল, কারওয়ান বাজারে কমিশনের প্রধান কার্যালয় স্থানান্তর করা হয়েছে। এ পর্যন্ত ৬২টি জেলায় মানবাধিকার আইনজীবী প্যানেল গঠন করা হয়েছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

কমিশনের কাছে নাগরিকের ক্রমবর্ধমান প্রত্যাশা প্রতিষ্ঠানটির একটি বড় চ্যালেঞ্জ। অপরদিকে জনবলের স্বল্পতা কমিশনের একটি প্রধান সমস্যা। কমিশন সচিবালয়ের জনবল মাত্র ৪৮জন। মাঠ পর্যায়ে এখন পর্যন্ত মাত্র দুটি অফিস খোলা হয়েছে। কমিশনের নিজস্ব কোন অফিস ভবন নেই। কোন কোন ক্ষেত্রে সরকারি দপ্তরসমূহের যথাযথ সহযোগিতার অভাবে কমিশনের কাজ বাধাগ্রস্ত হয়।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সরকারি সংস্থা, বেসরকারি মানবাধিকার সংগঠন এবং সুশীল সমাজের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করে মানবাধিকার পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে জাতীয় মানবাধিকার কমিশন অধিক সংখ্যক মানুষের কাছে পৌঁছাতে চায়। এর জন্য আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করা হবে।

**২০১৮-১৯ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মানবাধিকার সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য ৩০টি জেলা ও ২০টি উপজেলায় কর্মশালা অনুষ্ঠান;
- মানবাধিকার পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য ডাটাবেজ স্থাপন;
- মানবাধিকার লঙ্ঘন সংক্রান্ত অভিযোগের ৮৫% তদন্ত ও নিষ্পত্তিকরণ;
- অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি পূর্ণমাত্রায় চালু করা;
- অভিযোগ নিষ্পত্তির জন্য জেলা ভিত্তিক গণশুনানী অনুষ্ঠান;
- অভিযোগ ব্যবস্থাপনা ও অন্যান্য বিষয়ে চারটি বিধি প্রণয়ন;
- কারাগার ও কিশোর-কিশোরী উন্নয়ন কেন্দ্রের বাসিন্দাদের আবাসন পরিবেশের উন্নয়নের জন্য সুপারিশ প্রেরণ;
- শিক্ষা প্রতিষ্ঠানে মানবাধিকার বিষয়ক ক্যাম্পেন; এবং
- মানবাধিকার সংরক্ষণ ও উন্নয়নে আইন-বিধি-নির্দেশনা প্রণয়নের সুপারিশ প্রদান।

## সেকশন ১

## জাতীয় মানবাধিকার কমিশনের রুপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রুপকল্প (Vision)

দেশব্যাপী মানবাধিকার সংস্কৃতির বিস্তৃতি

### ১.২ অভিলক্ষ্য (Mission)

মানবাধিকারের বিকাশ ও সুরক্ষার মাধ্যমে আইনের শাসন, সামাজিক ন্যায়বিচার, স্বাধীনতা ও মানবমর্যাদা নিশ্চিতকরণ

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ কমিশনের কৌশলগত উদ্দশ্যেসমূহ

[০১] মানবাধিকার এবং জাতীয় মানবাধিকার কমিশনের 'ম্যান্ডেট' সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ
[০২] মানবাধিকার সমুন্নতকরণের লক্ষ্যে পর্যবেক্ষণ, অনুসন্ধান এবং অভিযোগ নিষ্পত্তির মানোন্নয়ন।
[০৩] কমিশনের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ
[০৪] জেল, সংশোধনাগার এবং অনুরূপ স্থানের বাসিন্দাদের আবাসন পরিবেশের মানোন্নয়ন।
[০৫] মানবাধিকার সংক্রান্ত গবেষণা এবং প্রতিবেদনের মান উন্নয়ন
[০৬] জঙ্গিবাদ/ সন্ত্রাসবাদের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধিকরণ

#### ১ .৩.২আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

[০১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ।
[০২] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নায়ন।
[০৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।
[০৪] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

### ১.৪ কার্যাবলি (Functions)

[০১] মানবাধিকার লঙ্ঘন, লঙ্ঘনের প্ররোচনা বা তা প্রতিরোধে অবহলো সম্পর্কিত অভিযোগ তদন্ত
[০২] জেল, সংশোধনাগার, হেফাজত ইত্যাদি স্থানের বাসিন্দাদের বসবাসের অবস্থা উন্নয়নের সুপারিশ প্রদান
[০৩] মানবাধিকার সংরক্ষণের জন্য সংবিধান বা আইনে বর্ণিত ব্যবস্থাদি পর্যালোচনাক্রমে সুপারিশ প্রদান
[০৪] মানবাধিকার বিষয়ক গবেষণা, শিক্ষা, প্রশিক্ষণ এবং সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম
[০৫] মানবাধিকার লঙ্ঘন সম্পর্কিত অভিযোগের পরিপ্রেক্ষিতে মধ্যস্থতা ও সমঝোতা
[০৬] আন্তর্জাতিক মানবাধিকার মানদন্ডের সঙ্গে কোন প্রস্তাবিত আইনের সমন্বয় নিশ্চিত করার সুপারিশ প্রদান
[০৭] মানবাধিকার সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় আইন ও প্রশাসনিক নির্দেশনা প্রণয়নে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান
[০৮] আন্তর্জাতিক মানবাধিকার দালিলের অনুসমর্থনে সরকারকে পরামর্শ ও সহযোগিতা প্রদান
[০৯] মানবাধিকার নিয়ে কাজ করে, এমন বেসরকারি সংস্থার কার্যক্রমের সমন্বয়।

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-১৬ | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৭-১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| জাতীয় মানবাধিকার কমিশনের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] মানবাধিকার এবং জাতীয় মানবাধিকার কমিশনের এখতিয়ার (ম্যান্ডেট) সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | ২৭ | [১.১] জেলা পর্যায়ে সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন | [১.১.১] জেলা পর্যায়ে সেমিনার/ ওয়ার্কশপ অনুষ্ঠিত | সংখ্যা | ০৩ | | | ১০ | ১৮ | ১৫ | ১২ | ১০ | | |
| | | [১.২] মানবাধিকারের বার্তা সংবলিত বিলবোর্ড স্থাপন/ পুনঃস্থাপন | [১.২.১] বিলবোর্ড স্থাপিত/ পুনঃস্থাপিত | সংখ্যা | ০২ | | | ১০ | --- | --- | --- | --- | | |
| | | [১.৩] প্রামাণ্যচিত্র নির্মাণ ও প্রচার | [১.৩.১] প্রামাণ্যচিত্র নির্মিত | সংখ্যা | ০১ | | | ০৬ | --- | --- | --- | --- | | |
| | | | [১.৩.২] টিভিতে প্রামাণ্যচিত্র প্রচারিত | সময়/ বার | ০১ | | | ৬০ মিনিট | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [১.৪] নিউজলেটার প্রকাশ ও বিতরণ | [১.৪.১] নিউজলেটার প্রকাশিত ও বিতরণকৃত | সংখ্যা | ০২ | | | ০৩ | ০২ | ০১ | --- | --- | | |
| | | [১.৫] বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [১.৫.১] বার্ষিক প্রতিবেদন প্রনীত | তারিখ | ০২ | | | ৩০/০৩/১৯ | --- | --- | --- | --- | | |
| | | [১.৬] জাতিসংঘের সার্বজনীন ঘোষণাপত্রের বাংলা সংস্করণ পুর্ণমুদ্রণ ও বিতরণ | [১.৬.১] জাতিসংঘের সার্বজনীন ঘোষণাপত্র পুর্ণমুদ্রিত ও বিতরণকৃত | ৫০০০ কপি | ০১ | | | ৩০/১২/১৮ | ১৫/০১/১৯ | ৩০/০১/১৯ | ১৫/০২/১৯ | ১৮/০২/১৯ | | |
| | | [১.৭] মানবাধিকার বিষয়ক ০২টি পুস্তিকা বিতরণ | [১.৭.১] পুস্তিকা বিতরণকৃত | তারিখ | ০১ | | | ৩০/১২/১৮ | ১৫/০১/১৯ | ৩০/০১/১৯ | ১৫/০২/১৯ | ১৮/০২/১৯ | | |
| | | [১.৮] লিফলেট বিতরণ | [১.৮.১] লিফলেট বিতরণকৃত | তারিখ | ০১ | | | ৩০/১২/১৮ | ১৫/০১/১৯ | ৩০/০১/১৯ | ১৫/০২/১৯ | ১৮/০২/১৯ | | |
| | | [১.৯] মানবাধিকারের বার্তা দিয়ে ডিজিটাল লেড সাইনবোর্ড | [১..৯.১] সম্পন্ন | তারিখ | ০১ | | | ৩০/১২/১৮ | ৩০/০১/১৯ | ১০/০২/১৯ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-১৬ | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৭-১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | [১.১০] সেবা প্রদানের জন্য হেল্পলাইন স্থাপন | [১.১০.১]হেল্পলাইন স্থাপিত | তারিখ ১০/০৭/১৯ | ০২ | | | ২০/০৭/১৮ | ৩০/০৭/১৮ | ১০/০৮/১৯ | ---- | ---- | | |
| | | [১.১১] মানবাধিকার সংশ্লিষ্ট বিভিন্ন দিবস উদযাপন | [১.১১.১] দিবস উদযাপিত | দিবস সংখ্যা | ০১ | | | ০৩ | ০২ | ০১ | | | | |
| | | [১.১২] বিভিন্ন দিবসে/বিষয়ে জনগণের নিকট মানবাধিকারের বার্তা সংবলিত এসএমএস প্রেরণ | [১.১২.১] এসএমএস প্রেরিত | দিবস সংখ্যা | ০১ | | | ০৩ | ০২ | ০১ | | | | |
| | | [১.১৩] জনসচেতনতার লক্ষ্যে মানবাধিকার বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি/ক্রোড়পত্র প্রকাশ | [১.১৩] পত্রিকায় বিজ্ঞপ্তি/ক্রোড়পত্র প্রকাশ | দিবস সংখ্যা | ০১ | | | ০৩ | ০২ | ০১ | | | | |
| | | [১.১৪] থিমেটিক কমিটির সেমিনার/মতবিনিময় সভা অনুষ্ঠান | [১.১৪] সেমিনার/মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ০২ | | | ১২ | ১০ | ০৯ | | | | |
| | | [১.১৫] হাইকোর্টের নির্দেশনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে শারিরীক ও মানসিক শাস্তি বন্ধের ক্যাম্পেইন অনুষ্ঠান | [১.১৫] ক্যাম্পেইন অনুষ্ঠিত | সংখ্যা | ০২ | | | ১০ | ০৮ | ০৬ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-১৬ | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৭-১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [০২] মানবাধিকার সমুন্নতকরণের লক্ষ্যে পর্যবেক্ষণ, অনুসন্ধান এবং অভিযোগ নিষ্পত্তির মানোন্নয়ন। | ২৪ | [২.১] ১২ টি দৈনিক পত্রিকা পর্যবেক্ষণের মাধ্যমে মানবাধিকার পরিস্থিতির ওপর মাসিক প্রতিবেদন প্রণয়ন | [২.১.১] প্রতিবেদন প্রণীত | সংখ্যা | ০৩ | | | ১৩ | ১২ | ১১ | ১০ | ০৯ | | |
| | | [২.২] মানবাধিকার পরিস্থিতির পর্যবেক্ষণের জন্য ডাটাবেজ স্থাপন | [২.২.১] ডাটাবেজ স্থাপিত | তারিখ | ০২ | | | ৩১/১২/১৮ | ১৫/০১/১৯ | ৩০/০১/১৯ | ১৫/০২/১৯ | ৩০/০২/১৯ | | |
| | | [২.৩] মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় স্বতঃপ্রণোদিত অভিযোগের অনুসন্ধান | [২.৩.১] অভিযোগ অনুসন্ধান অনুষ্ঠিত | সংখ্যা | ০৩ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [২.৪] মানবাধিকার লঙ্ঘন সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তিকরণ | [২.৪.১] নিষ্পন্ন অভিযোগ | % | ০৬ | | | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | | |
| | | [২.৫] অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি চালুকরন | [২.৫.১]অনলাইন অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি | তারিখ | ০৩ | | | ১৫/০৩/১৯ | ২৫/০৩/১৯ | ০৫/০৪/১৯ | ১৫/০৪/১৯ | ২৫/০৪/১৯ | | |
| | | [২.৬]কমিশন কর্তৃক সরাসরি অভিযোগ অনুসন্ধান | [২.৬.১]অভিযোগ অনুসন্ধান অনুষ্ঠিত | সংখ্যা | ০৩ | | | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | | |
| | | [২.৭] অভিযোগ নিষ্পত্তির জন্য জেলাভিত্তিক গনশুনানি আয়োজন | [২.৭.১] গনশুনানি অনুষ্ঠিত | সংখ্যা | ০২ | | | ০৮ | ০৬ | ০৫ | --- | --- | | |
| | | [২.৮] জঙ্গিবাদ/ সন্ত্রাসবাদ মোকাবেলা ও মানবাধিকার সংরক্ষণ সংক্রান্ত বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যদের প্রশিক্ষণ প্রদান। | [২.৮.১] প্রশিক্ষণ অনুষ্ঠিত | সংখ্যা (জন) | ০২ | | | ০২ | ০১ | --- | --- | --- | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-১৬ | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৭-১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [০৩] কমিশনের সক্ষমতা বৃদ্ধিকরণ | ১২ | [৩.১] সকল কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান | [৩.১.১]কর্মকর্তাদের প্রশিক্ষণ অনুষ্ঠিত | ঘণ্টা | ০২ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] বিদেশে আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তাদের প্রেরণ | [৩.২.১]বিদেশে আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচীতে কর্মকর্তাগণ প্রেরিত | সংখ্যা | ০১ | | | ১০ | ০৮ | ০৬ | ০৫ | ০৪ | | |
| | | [৩.৩] তহবিল পরিচালনাবিধি প্রণয়ন | [৩.৩.১] তহবিল পরিচালনাবিধি প্রণীত | তারিখ | ০১ | | | ৩০/১২/১৮ | ১৫/০১/১৯ | ৩০/০১/১৯ | ১৫/০২/১৯ | ২৮/০২/১৯ | | |
| | | [৩.৪] অভিযোগ ব্যবস্থাপনাবিধি প্রণয়ন | [৩.৪.১]অভিযোগ ব্যবস্থাপনাবিধি প্রণীত | তারিখ | ০২ | | | ৩০/১২/১৮ | ১৫/০১/১৯ | ৩০/০১/১৯ | ১৫/০২/১৯ | ২৮/০২/১৯ | | |
| | | [৩.৫] মধ্যস্থতা ও সমঝোতা বিধি প্রণয়ন | [৩.৫.১] মধ্যস্থতা ও সমঝোতাবিধি প্রণীত | তারিখ | ০২ | | | ৩০/১২/১৮ | ১৫/০১/১৯ | ৩০/০১/১৯ | ১৫/০২/১৯ | ২৮/০২/১৯ | | |
| | | [৩.৬] কমিশন কর্তৃক নিয়োগকৃত আইনজীবীদের প্রশিক্ষণ প্রদান | [৩.৬.১] আইনজীবীদের প্রশিক্ষণ অনুষ্ঠিত | সংখ্যা | ০২ | | | ১৬০ | ১৪০ | ১২০ | ১০০ | --- | | |
| | | [৩.৮] বিভিন্ন দেশের মানবাধিকার কমিশন এবং বিভিন্ন আন্তর্জাতিক সংগঠনের সাথে অংশীদারত্বের মাধ্যমে একটি সেমিনার অনুষ্ঠান | [৩.৮.১] সেমিনার অনুষ্ঠিত | সংখ্যা | ০২ | | | ০২ | ০১ | --- | --- | --- | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-১৬ | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৭-১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [০৪] জেল, সংশোধনাগার এবং অনুরূপ স্থানের বাসিন্দাদের আবাসন পরিবেশের মান উন্নয়ন | ০৫ | [৪.১] ১০টি কারাগার পরিদর্শনক্রমে সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ | [৪.১.১]সুপারিশ প্রেরিত | তারিখ | ০২ | | | ৩০/০৪/১৯ | ১৫/০৫/১৯ | ৩০/০৫/১৯ | ১৫/০৬/১৯ | ৩০/০৬/১৯ | | |
| | | [৪.২] ০৫ টি কিশোর উন্নয়ন কেন্দ্র পরিদর্শনক্রমে সরকারের নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ | [৪.২.১]সুপারিশ প্রেরিত | তারিখ | ০২ | | | ৩০/০৪/১৯ | ১৫/০৫/১৯ | ৩০/০৫/১৯ | ১৫/০৬/১৯ | ৩০/০৬/১৯ | | |
| | | [৪.৩] সুপারিশ বাস্তবায়নের জন্য সরকারি সংস্থার সঙ্গে সভা অনুষ্ঠান | [৪.৩.১] সভা অনুষ্ঠিত | সংখ্যা | ০১ | | | ০২ | ০১ | ০০ | --- | --- | | |
| [০৫] মানবাধিকার সংক্রান্ত গবেষণা সম্প্রসারণ | ০৩ | [৫.১]মানবাধিকার বিষয়ক গবেষণা সম্পাদন | [৫.১.১] গবেষণা সম্পাদিত | সংখ্যা | ০৩ | | | ০৪ | ০৩ | ০২ | | | | |
| [০৬] মাদক/ জঙ্গিবাদ/ সন্ত্রাসবাদের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধিকরণ | ০৪ | [৬.১] মাদক/ জঙ্গিবাদ/সন্ত্রাসবাদ বিরোধী আলোচনাসভা/সেমিনার অনুষ্ঠান | [৬.১.১] মাদক/ জঙ্গিবাদ/সন্ত্রাসবাদ বিরোধী আলোচনাসভা/সেমিনার অনুষ্ঠিত | সংখ্যা | ০২ | | | ০২ | ০১ | --- | --- | --- | | |
| | | [৬.২] শিক্ষা প্রতিষ্ঠানে জঙ্গিবাদ/ সন্ত্রাসবাদ বিরোধী ক্যাম্পেইন | [৬.২.১] ক্যাম্পেইন অনুষ্ঠিত | সংখ্যা | ০২ | | | ১০ | ০৮ | ০৬ | | | | |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০১৮-২০১৯
## (মোট নম্বর ২৫)

| কৌশলগতউদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদনসূচক | একক | কর্মসম্পাদন সূচকেরমান | লক্ষ্যমাত্রার মান ২০১৮-২০১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন ২০১৮ | ২১ জুন ২০১৮ | ২৪ জুন ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি ২০১৯ | ২০ জানুয়ারি ২০১৯ | ২১ জানুয়ারি ২০১৯ | ২২ জানুয়ারি ২০১৯ | ২৩ জানুয়ারি ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি ২০১৯ | ৩১ জানুয়ারি ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি ২০১৯ | ১১ ফেব্রুয়ারি ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ২ | ১০ জানুয়ারি ২০১৯ | ২৪ জানুয়ারি ২০১৯ | ২৮ জানুয়ারি ২০১৯ | ৩১ মার্চ ২০১৯ | ৩০ এপ্রিল ২০১৯ |
| | | সিটিজেনস চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেনস চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ২ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর ২০১৮ | ১৫ জানুয়ারি ২০১৯ | ২০ মে ২০১৯ | ১৬ মে ২০১৯ | ৩০ মে ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১.৫ | ০৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১১ ফেব্রুয়ারি ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি ২০১৯ | ০৪ মার্চ ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১.৫ | ০৩ ফেব্রুয়ারি ২০১৯ | ১১ ফেব্রুয়ারি ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি ২০১৯ | ০৪ মার্চ ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |

| কৌশলগতউদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদনসূচক | একক | কর্মসম্পাদন সূচকেরমান | লক্ষ্যমাত্রার মান ২০১৮-২০১৯ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন *** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর ২০১৮ | ৩১ অক্টোবর ২০১৮ | ১৫ অক্টোবর ২০১৮ | ২৯ অক্টোবর ২০১৮ | ০৬ অক্টোবর ২০১৮ |

আমি, সচিব, জাতীয় মানবাধিকার কমিশন, অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, জাতীয় মানবাধিকার কমিশন অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৭.০৬.১৮

সচিব
জাতীয় মানবাধিকার কমিশন,

তারিখ:

২৭/০৬/১৮

চেয়ারম্যান
জাতীয় মানবাধিকার কমিশন,

তারিখ: